

গড় পাসের হার ৬১.৮৭

### কওমী মাদরাসা বোর্ডের কেন্দ্রীয় পরীক্ষার ফল প্রকাশ

স্টাফ রিপোর্টার : বাংলাদেশ কওমী মাদরাসা বোর্ডের কেন্দ্রীয় পরীক্ষা ২০০২-এর ফলাফল গতকাল প্রকাশিত হয়েছে। পরীক্ষার ৭টি স্তরের গড় পাসের হার ৬১ দশমিক ৮৭। স্তরভিত্তিক ফলাফল হচ্ছে তাকমীল পুরুষ শতকরা ৬০ দশমিক ১১, মহিলা শতকরা ৫০ দশমিক ৮৭, ফযীলাত পুরুষ শতকরা ৫৭ দশমিক ৭০, মহিলা শতকরা ৬৪ দশমিক ২৭, সানুবিয়া উলইয়া পুরুষ শতকরা ৫৫, মুতাওয়াস্ সিতাহ (বালক) শতকরা ৬২ দশমিক ১৬, বালিকা শতকরা ৫৩ দশমিক ৯৫, ইবতিদাইয়াহ বালক শতকরা ৫৬ দশমিক ৯৫, বালিকা শতকরা ৬২ দশমিক ১৮, ইলমুল কিরাআত ওয়াত তাজবীদ (পুরুষ-মহিলা) শতকরা ৯১ দশমিক ৪৭, হিফজুল কুরআন (বালক-বালিকা) শতকরা ৮০ দশমিক ১৪। কেন্দ্রীয় পরীক্ষায় ৭টি স্তরের মোট পরীক্ষার্থী ছিল ১৩ হাজার ৯৪৯ জন। বিশেষ বিভাগ (স্টার মার্ক) পেয়েছে ৮৮৭ জন। প্রথম বিভাগ পেয়েছে ১ হাজার ৮৫৩ জন। দ্বিতীয় বিভাগ পেয়েছে ২ হাজার ৫৩৭ জন। তৃতীয় বিভাগ পেয়েছে ৩ হাজার ৩৫৪ জন। মোট উত্তীর্ণ হয়েছে ৮ হাজার ৬৩১ জন।